

...

সভাপতি	আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ এমডিএস
সভার তারিখ	১৩ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	সকাল ০৯:৩০ টা
স্থান	রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি ২০৯ নং কক্ষ)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'


সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মূল পরিচালনা কমিটির সদস্য-সচিবকে সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। সদস্য-সচিব জনাব এলিনা আকতার সভায় অবহিত করেন যে, ৪র্থ পলিসি ডায়ালগ সুষ্ঠুভাবে আয়োজনের জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনার রূপকল্প নির্ধারণের নিমিত্ত আজকের এই সভার আয়োজন। তিনি আরো বলেন যে, ৪র্থ পলিসি ডায়ালগের তারিখ নির্ধারণ, থিম নির্বাচন, এবং মূল পরিচালনা কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধির মনোনয়ন চেয়ে পিপিআর অনুবিভাগ থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ড. মোঃ মহসীন আলী, পরিচালক (পিপিআর) সভায় অবহিত করেন যে, ৪র্থ পলিসি ডায়ালগ আয়োজনের জন্য গঠিত বিভিন্ন উপকমিটির আহ্বায়কবৃন্দ ও সদস্য-সচিবগণকে নিয়ে আয়োজিত আজকের এই সভার মূল উদ্দেশ্য হলো ৪র্থ পলিসি ডায়ালগের আয়োজন সফল করার জন্য বিভিন্ন কমিটির ToR অনুযায়ী তাদের দায়িত্ব পালন এবং সামগ্রিক ব্যবস্থাপনা সংক্রান্ত রূপরেখা নির্ধারণ করা।

আলোচ্য কর্মসূচীর বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকল সদস্যগণ সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:-

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	৪র্থ পলিসি ডায়ালগ আয়োজনের জন্য গঠিত সাব-কমিটি তাদের সামগ্রিক প্রস্তুতির বিষয়ে আগামী ০৭-১০ দিনের মধ্যে একটি সভা করবেন এবং সেই সভার বিবরণী মূল পরিচালনা কমিটির নিকট হস্তান্তর করবেন।	৪র্থ পলিসি ডায়ালগ আয়োজনের জন্য গঠিত সকল উপকমিটি
২.	গঠিত উপ-কমিটিগুলো যতদূর সম্ভব বাজেট তৈরী করবেন। এক্ষেত্রে আবাসন ও সুভেনিয়র কমিটি এবং আপ্যায়ন কমিটি যেহেতু পলিসি ডায়ালগ অনুষ্ঠানের যাবতীয় কেনাকাটা ও আপ্যায়নের সাথে জড়িত সেহেতু তারা দ্রুত বাজেট প্রস্তুত করে পরিচালনা কমিটির সদস্য-সচিব এর নিকট প্রেরণ করবেন। উল্লেখ্য সুভেনিয়র কমিটি ১০ দিনের মধ্যে বাজেট প্রস্তুত করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসন ও সুভেনিয়র কমিটি এবং আপ্যায়ন কমিটি
৩.	আবাসন ও সুভেনিয়র কমিটি প্রত্যেকে সুভেনিয়রের ০২ থেকে ০৩টি alternative নমুনা সংগ্রহ করবেন।	আবাসন ও সুভেনিয়র কমিটি

৪.	আপ্যায়ন কমিটি আমন্ত্রিত অতিথিবৃন্দের জন্য বিপিএটিসিতে প্রস্তুতকৃত খাবার পরিবেশনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে।	আপ্যায়ন কমিটি
৫.	প্রটোকল কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।	প্রটোকল কমিটি
৬.	র্যাপোর্টিয়ার কমিটি ড. মোঃ মশিউর রহমান উপপরিচালককে কো-অপ্ট করবে। উক্ত কমিটি ৪র্থ পলিসি ডায়ালগেরে মানসম্মত রিপোর্ট প্রস্তুত করবে যাতে তা বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হয়।	র্যাপোর্টিয়ার কমিটি
৭.	র্যাপোর্টিয়ার কমিটির রিপোর্ট চূড়ান্তকরণের জন্য একটি Editorial Board গঠন করতে হবে।	পিপিআর অনুবিভাগ
৮.	প্রতিটি সেশনের আলোচনা রেকর্ড করতে হবে।	এডিআর ও র্যাপোর্টিয়ার কমিটি
৯.	জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে Theme প্রাপ্তির পর concept note তৈরির জন্য একটি কমিটি গঠন করতে হবে।	পিপিআর অনুবিভাগ
১০.	৪র্থ পলিসি ডায়ালগ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরিচালক জনাব মোঃ আতিকুজ্জামানকে আহবায়ক, জনাব মোঃ ইউসুফ আলী, সহকারী পরিচালক, সদস্য ও জনাব রবিউল আলম লোকমান, গবেষণা কর্মকর্তাকে সদস্য-সচিব করে একটি সাজসজ্জা কমিটি গঠন করতে হবে।	পিপিআর অনুবিভাগ
১১.	৪র্থ পলিসি ডায়ালগে অংশগ্রহণকারীগণের সাথে আগত অতিথিবৃন্দের সামগ্রিক বিষয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পরিচালক ড. রোকেয়া ফাহিমদাকে আহবায়ক, জনাব আফিয়া সুলতানা কেয়া, উপপরিচালক সদস্য, জনাব নাসরিন সুলতানা, উপপরিচালক সদস্য, জনাব জাকিয়া সুলতানা, উপপরিচালক সদস্য এবং জনাব রাজিব মিয়া, মূল্যায়ন কর্মকর্তাকে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করতে হবে।	পিপিআর অনুবিভাগ
১২.	৪র্থ পলিসি ডায়ালগে আমন্ত্রিত অতিথিবর্গের সার্বক্ষণিক যোগাযোগের জন্য একটি Dedicated Control Room Create করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পিপিআর অনুবিভাগ

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ
এমডিএস

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.২৫.০৯৬.২১.৫২

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অনুযদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।
- ২) রেক্টর-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



এলিনা আকতার
উপপরিচালক